

## চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখ্ৰাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ৮৪/২০১৬

তারিখঃ ২২/১২/২০১৬খ্রিঃ

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, কাস্টম হাউস, চট্টগ্রাম এর স্মারক নং-এস-৪/২/প্রশাসন/প্রিঃ৭(অংশ-১)/২০১২-১৩/৮৯২২()-কাস, তারিখ : ২১/১২/২০১৬ খ্রিঃ সকল সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

স্বাক্ষরিত/-  
মোহাম্মদ মুছা  
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কাস্টম হাউস, চট্টগ্রাম  
[www.chc.gov.bd](http://www.chc.gov.bd)

বিষয় : পণ্য পরীক্ষণে সংশ্লিষ্ট সকল বিল অব এন্ট্রির সাথে পূর্ণাঙ্গ প্যাকিং লিস্ট দাখিল প্রসঙ্গে।

সূত্র নং- ১) জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং-০৮.০১.০০০০.৫৩.০৬.০০১.১৪/১২৭, তারিখ :- ০৪/০৯/২০১৬;

২) কাস্টম হাউস, চট্টগ্রামের অফিস আদেশ নং-২০৬, তারিখ :- ১৬/১০/২০১৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। বিভিন্ন পণ্য আমদানির ক্ষেত্রে পণ্যের পূর্ণাঙ্গ প্যাকিং লিস্ট দাখিল না করায় শুঙ্কায়ন কার্যক্রমে জটিলতা সৃষ্টি হয়। ফলে পণ্য পরীক্ষণে সংশ্লিষ্ট সকল আমদানি পণ্য চালানোর পূর্ণাঙ্গ প্যাকিং লিস্ট (Detail Packing List) ১৫/১২/২০১৬ তারিখের মধ্যে বিল অব এন্ট্রির সাথে দাখিল করার জন্য ইতোপূর্বে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু, লক্ষ্য করা যাচ্ছে যে, অনেক সিএন্ডএফ এজেন্টস এখনও পণ্য চালানোর পূর্ণাঙ্গ প্যাকিং লিস্ট দাখিল করছেন না। এতে পণ্য পরীক্ষণ ও শুঙ্কায়নকালে জটিলতা সৃষ্টি হচ্ছে। এমতাবস্থায়, পণ্য পরীক্ষণে সংশ্লিষ্ট সকল পণ্য চালানোর বিল অব এন্ট্রির সাথে পূর্ণাঙ্গ প্যাকিং লিস্ট দাখিল করার জন্য চিটাগাং কাস্টমস সিএন্ডএফ এজেন্টস এসোসিয়েশনের সকল সদস্যগণকে বিষয়টি অবহিতকরণসহ সংশ্লিষ্ট সকল বিল অব এন্ট্রির সাথে পূর্ণাঙ্গ প্যাকিং লিস্ট দাখিল করার জন্য আপনার এসোসিয়েশনের সকল সদস্যবৃন্দকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, ২৫/১২/২০১৬ তারিখের পরে Detail Packing List ব্যতীত আমদানি দলিলাদি তথা Bill of Entry দাখিল করলে সেসব পণ্য চালান ১০০% কায়িক পরীক্ষাকরণসহ অন্যান্য প্রয়োজ্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

স্বাক্ষরিত/-  
(চপল চাকমা)  
ডেপুটি কমিশনার (প্রিভেন্টিভ)  
কমিশনার অব কাস্টমসের পক্ষে  
ফ্যাক্স : ০৩১-২৫১৮০১৫।

প্রাপক :- সভাপতি

চিটাগাং কাস্টমস্ সিএন্ডএফ এজেন্টস্ এসোসিয়েশন

সিএন্ডএফ টাওয়ার

আখ্ৰাবাদ বা/এ

চট্টগ্রাম।

নথি নং-এস-৪/২/প্রশাসন/প্রিঃ৭(অংশ-১)/২০১২-১৩/৮৯২২()-কাস

তারিখ : ২১/১২/২০১৬